# মেলাকেয়ার ক্রীম

## ফ্লুসিনোলোন এসিটোনাইড + হাইড্রোকুইনোন + ট্রিটিনয়িন

**উপাদান ঃ**

মেলাকেয়ার ক্রীম ঃ মেলাকেয়ারে প্রতি ১০০ গ্রাম ক্রীমে রয়েছে ফ্লুসিনোলোন এসিটোনাইড ইউ.এস.পি ০.০১ গ্রাম হাইড্রোকুইনোন ইউ.এস.পি ৪ গ্রাম এবং ট্রিটিনয়িন ইউ.এস.পি ০.০৫ গ্রাম ।

**ফার্মাকোলজী ঃ**

মেলাকেয়ার ক্রীম তিনটি মূল উপাদান ফ্লুসিনোলোন এসিটোনাইড, হাইড্রোকুইনোন এবং ট্রিটিনয়িন-এর সমন্বয়ে গঠিত। এদের সবগুলোই মেছ্তা দূর করতে সহায়তা করে। যদিও মেলাকেয়ার ক্রীমের মূল উপাদান গুলো মেছ্তা প্রতিরোধে কিভাবে কাজ করে তা এখনো অজানা, তবুও ফ্লুসিনোলোন এসিটোনাইড একটি কর্টিকোস্টেরয়েড যা ত্বকের বাহ্যিক ব্যবহারের নির্দেশিত প্রদাহরোধী ওষুধীয় গুনাবলী সমৃদ্ধ একটি উপাদান। হাইড্রোকুইনোন মেছ্তার দাগ দূর করে, যা টাইরোসিন-টাইরোসিনেজ এনজাইমকে প্রতিরোধের মাধ্যমে মেলানিন সংশ্লেষন প্রক্রিয়াকে বাঁধা দেয়। ট্রিটিনয়িন ক্যারাটোলাইটিক হিসেবে পরিচিতি। যা ভিটামিন 'এ' এর একটি মেটাবোলাইট। এটি প্রতিনিয়ত নতুন কোষ তৈরির মাধ্যমে ত্বককে সজীব রাখতে সহায়তা করে।

**নির্দেশনা ও ব্যবহার ঃ**

মেলাকেয়ার ক্রীম মুখের মধ্যম থেকে তীব্র মেছ্তা প্রতিরোধে একটি স্বল্প মেয়াদী চিকিৎসা। ব্যবহারের পরবর্তীতে সূর্য রশ্নি থেকে এড়িয়ে চলতে হবে এবং সূর্য রশ্মি প্রতিরোধক লোশন (সানস্ক্রীন) ব্যবহার করতে হবে। এস পি এফ ৩০ অথবা তার চেয়েও বেশি মাত্রার সানস্ক্রীন ব্যবহার করতে হবে।

**প্রয়োগমাত্রা ও বিধি ঃ**

মেলাকেয়ার ক্রীম প্রতি বার রাতে একবার ব্যবহার করতে হবে। এটি ঘুমানোর ৩০ মিনিট পূর্বে ব্যবহার করতে হবে। মৃদু পরিষ্কারক দিয়ে মুখ ও ঘাড় ভাল করে ধুয়ে নিতে হবে। পরিষ্কার পানি দিয়ে মুখ ধুয়ে তোয়ালের সাহায্যে মুখ শুকিয়ে নিতে হবে। মুখমন্ডলের মেছ্তা আক্রান্ত স্থান থেকেও আধা ইঞ্চি বেশী জায়গা জুড়ে মেলাট্রিন ক্রীম পাতলা আবরণ করে ব্যবহার করতে হবে। দিনে বাহিরে বের হওয়ার আগে সানস্ক্রীন ব্যবহার করতে হবে। সূর্য রশ্মি এড়িয়ে চলতে হবে। দিনে ব্যবহারকারীদের মোয়েশ্চারাইজার ক্রীম এবং / অথবা কস্‌মেটিক্‌স ব্যবহার করতে পারেন। এটি অল্প থেকে তীব্র মেছ্তার চিকিৎসায় স্বল্প সময়ের (৪ সপ্তাহ পর্যন্ত) জন্য ব্যবহার করা হয়। এটি দীর্ঘ মেয়াদী (৪ সপ্তাহের বেশী) অথবা সব সময় ব্যবহারের জন্য নির্দেশিত নয়।

**প্রতিনির্দেশনা ঃ**

মেলাকেয়ার ক্রীম ব্যবহৃত তিনটি উপাদানের যে কোনটির প্রতি সংবেদনশীল ব্যক্তির ক্ষেত্রে এটি ব্যবহার করা যাবে না।

**সাবধানতা ঃ**

মেলাকেয়ার ক্রীমে আছে হাইড্রোকুইনোন এবং ট্রিটিনয়িন যা মৃদু থেকে মাঝারী র্পযায়ে প্রদাহের সৃষ্টি করতে পারে। এটি ব্যবহারে প্রয়োগকৃত স্থানে প্রদাহ যেমন ত্বক লালচে হওয়া, ত্বকের চামড়া উঠে যাওয়া, মৃদু জ্বালা পোড়া করা, ত্বক শুষ্ক হওয়া বা ত্বক তীব্র চুলকাতে পারে। ক্রীম প্রয়োগের ফলে ত্বকের ক্ষনস্থায়ী লালচে ভাব অথবা মৃদু জ্বালা পোডা হলেও চিকিৎসা বন্ধ করা যাবে না। যদি ত্বকের অতিমাত্রায় সংবেদনশীলতা অথবা রাসায়নিকের প্রবাহে প্রদাহ অনুভূত হয়, তবে তখন এটির ব্যবহার বন্ধ করতে হবে। পাশাপাশি মেলাকেয়ার ক্রীমে রয়েছে ফ্লুসিনোলোন এসিটোনাইড নামক একটি কর্টিকোস্টেরয়েড। মেলাকেয়ার ক্রীম ব্যবহার বন্ধ করার পর রক্তে শোষিত কর্টিকোস্টেরয়েডের মাধ্যমে হাইপোথালমিক-পিটুইটারী-এড্রেনাল এক্সিস সাপ্রেসন হতে পারে যার কারণে শরীরে গুকোকটিকয়েডের ঘাটতি দেখা দিতে পারে। মেলাকেয়ার ক্রীম ব্যবহারের সময় বাহ্যিক কর্টিকোস্টেরয়েড রক্তে শোষণের মাধ্যমে কাসিং সিনড্রোম (গুকোকটিকয়েড বেড় যাওয়া), রক্তে গ্লুকোজের পরিমান বেড়ে যাওয়া, এবং মূত্রে গ্লুকোজের উপস্থিতি দেখা দিতে পারে। যদি হাইপোথালমিক-পিটুইটারী-এড্রেনাল এক্সিস সাপ্রেসন দেখা দেয়, মেলাকেয়ার ক্রীমের ব্যবহার বন্ধ করতে হবে। যদি বাহ্যিক ব্যবহৃত কর্টিকোস্টেরয়েডের ব্যবহার বন্ধ করা হয়, তবে হাইপোথালমিক-পিটুইটারী-এড্রেনাল এক্সিসের সামঞ্জস্যতা পুনরায় পূর্বের অবস্থান আসতে পারে।

**পার্শ্ব প্রতিক্রিয়া ঃ**

মেলাকেয়ার ক্রীমের অন্যতম একটি মূল উপাদান হচ্ছে কর্টিকোস্টেরয়েডের ব্যবহারে ত্বকের নিম্নোক্ত পার্শ্ব প্রতিক্রিয়া গুলো-যেমন: ত্বক চুলকানো, প্রদাহ, শুষ্কতা, ত্বকের লোমকূপের ইনফেকশন, ব্রণ, ত্বকের রং পরিবর্তন, মুখের প্রয়োগকৃত স্থানে প্রদাহ, ত্বকের এলার্জিক প্রতিক্রিয়া, ত্বকের ইনফেকশন, ত্বকের চামড়া পাতলা হওয়া, ত্বকের দাগ এবং ঘামের সমস্যা হতে পারে। বেশীর ভাগ ক্ষেত্রেই উল্লেখিত পার্শ্বপ্রতিক্রিয়া গুলো মৃদু থেকে মাঝারি আকারে পরিলক্ষিত হয়।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া ঃ**

ওষুধীয় গুনাবলী সম্বলিত সাবান, খসখসে সাবান, পরিষ্কার, কস্‌মেটিক্স পদার্থ যে গুলোর ত্বক শুষ্ক করার প্রবণতা আছে, যে গুলোতে আছে উচ্চ মাত্রায় অ্যালকোহল, ত্বক সংকোচনকারক, অন্যান্য প্রদাহ উৎপন্নকারী পদার্থ অথবা ক্যারাটোলাইটক উপাদান আছে তা পরিহার করতে হবে । মেলাকেয়ার ক্রীমের পাশাপাশি একইসাথে আলো সংবেদী ওষুধের ব্যবহারও বন্ধ করতে হবে।

**গর্ভকালীন ও স্তন্য দানকালীন সময়ে ব্যবহার ঃ**

গর্ভকালীন সময় ঃ প্রেগন্যান্সি ক্যাটেগরি 'সি' মেলাকেয়ার ক্রীমে রয়েছে ট্রিটিনয়িন, যা গর্ভাবস্থায় ভ্রণের বৃদ্ধির পরিবর্তন, ভ্রুণের অপুষ্টি এবং ভ্রুণের মস্তিষ্কের বিকাশে ক্ষতিসাধন করতে পারে। অন্যান্য প্রাণীর ক্ষেত্রে ভ্রুণের উপর এই ওষুধের প্রতিক্রিয়াটি অনুমান করা অনেক কঠিন। কারণ সে ক্ষেত্রে ত্বকে ব্যবহারের সুনির্দিষ্ট স্থান নির্ণয় করা যেমন কঠিন, তেমনি ওষুধের সঠিক কোনো মাত্রাও তুলনা করা যায় না। গর্ভবতী মহিলাদের উপর এই ওষুধের পর্যাপ্ত কোনো তথ্য পাওয়া যায়নি। শুধুমাত্র ভ্রুণের ঝুঁকির তুলনায় গর্ভকালীন মায়ের সুফলের মাত্রা বেশী হলে গর্ভাবস্থায় এই ক্রীম ব্যবহার করা যাবে।

স্ড়ন্য দানকালীন সময়ঃ রক্তের মাধ্যমে শোষিত কর্টিকোস্টেরয়েড মাতৃদুগ্ধের মাধ্যমে নিঃসৃত হয়। মেলাকেয়ার ক্রীমের বাহ্যিক ব্যবহারের মাধ্যমে ফ্লুসিনোলোন এসিটোনাইড, হাইড্রোকুইনোন এবং ট্রিটিনয়িন রক্তে শোষিত হয়ে সামান্য পরিমাণে মাতৃদুগ্ধে নিঃসৃত হতে পারে। কারন অনেক ওষুধ মাতৃদুগ্ধে নিঃসৃত হয়। তাই স্তন্য দানকালীন মায়েদের ক্ষেত্রে মেলাকেয়ার ক্রীমের ব্যবহার সকর্বকায় সহিত অবলম্বন করতে হবে।

**শিশুদের ক্ষেত্রে ব্যবহার ঃ**

শিশুদের ক্ষেত্রে এই ওষুধের কার্যকারিতা এবং কতটুকু নিরাপদ তা এখনো জানা যায়নি ।

**সংরক্ষণ ঃ**


আলো ও আর্দ্রতা থেকে দূরে, ৩০° সে. তাপমাত্রার মধ্যে সংরক্ষন করুন। ফ্রিজে রাখবেন না। শিশুদের নাগালের বাহিরে রাখুন।

**সরবরাহ ঃ**

**মেলাকেয়ার ক্রীম ৩০ গ্রামঃ** প্রতি কার্টনে রয়েছে ৩০ গ্রাম ক্রীম সম্বলিত একটি টিউব, ব্যবহরের নির্দেশিকা সহ একটি লিফলেট।

**মেলাকেয়ার ক্রীম ১৫ গ্রামঃ** প্রতি কার্টনে রযেছে ১৫ গ্রাম ক্রীম সম্বলিত একটি টিউব, ব্যবহরের নির্দেশিকা সহ একটি লিফলেট।

## ব্যবহারের নিয়মাবলী



ধাপ-১ ঃ নন সোপ ক্লিনজার অথবা পানি দিয়ে মুখমন্ডল ধুয়ে নিন।




**ধাপ-২ ঃ** মুখ ভালভাবে শুকিয়ে নিন।



**ধাপ-৩ ঃ** এবার হাতে খুব অল্প পরিমানে মেলাকেয়ার ক্রীম নি এবং মেছ্তা আক্রান্ত স্থানে অথবা কাল্চে দাগের উপরে (আক্রান্ত স্থান ও এর চারপাশের আধা ইঞ্চি জায়গা জুড়ে) ব্যবহার করুন।



**ধাপ-৪ ঃ** মেলাকেয়ার ক্রীম খুব হালকা এবং মসৃণ ভাবে ত্বকে ব্যবহার করুন। ক্রীমটি ত্বকে ব্যবহারের সাথে সাথে ত্বকে মিশে যাবে, যদি না মিশে তবে বুঝতে হবে আপনি অতিরিক্ত ক্রীম ব্যবহার করছেন।




**ধাপ-৫ ঃ** মেলাকেয়ার ক্রীম চোখ, নাক, মুখের ভেতরে এবং শরীরের কাটা বা ক্ষত স্থানে ব্যবহার থেকে বিরত থাকুন।




**ধাপ-৬ ঃ** মেলাকেয়ার ক্রীম ব্যবহারের পর আক্রান্ত স্থান কোন কিছু দিযে ঢাকবেন না।



**ধাপ-৭ ঃ** সকালে ঘুম থেকে উঠে মুখমন্ডল ভালভাবে পানি দিয়ে ধুয়ে ফেলুন।



**ধাপ-৮ ঃ** দিনের বেলায় ভালোমানের একটি সানস্ক্রীন ব্যবহার করুন। মূলত ঝচঋ ৩০ বা তার বেশী মানের সানস্ক্রীম ব্যবহার করুন। যতটা সম্ভব সূর্যের আলো থেকে দূরে থাকুন এবং ছাতা ব্যবহার করুন।



**ধাপ-৯ ঃ** মেলাকেয়ার ক্রীম ব্যবহারের পাশাপাশি আপনি চাইলে ময়েশ্চারাইজার এবং অন্যান্য প্রসাধনী ও (কসমেটিকস্) ব্যবহার করতে পারেন।

**প্রস্তুতকারক ঃ**

***কেমিষ্ট ল্যাবরেটরীজ লিমিটেড***

কলেজ রো, বরিশাল, বাংলাদেশ

# Melacare cream

## Fluocinolone Acetonide+ Hydroquinone + Tretinoin

**Composition:**

**Melacare Cream:** Each 100g cream contains Fluocinolone Acetonide USP 0.01g,Hydroquinone USP 4g and Tretinoin USP 0.05g

**Pharmacology:**

Melacare cream contains three active ingredients Fluocinolone acetonide, Hydroquinone and Tretinoin. All of them use to treat melasma. However, the mechanism of action of the active ingredients in Melacare Cream in the Treatment of melasma is unknown but Fluocinolone acetonide is a synthetic fluorinated corticosteroid that reduces inflammation. Hydroquinone is classified therapeutically as a depigmenting agent and interrupts one or more steps in the tyrosine-tyrosinase pathway of melanin synthesis. Tretinoin is a metabolite of Vitamin A is classified therapeutically as a keratolytic. It works by increasing the skin cell turnover rate, which helps exfoliate the skin.

**Indications and Uses:**

Melacare cream is indicated for the short-term treatment of moderate to severe melasma of the face, in the presence of measures for sun avoidance, including the use of sunscreens, Use at least SPF 30 or more.

**Dosage & Administration:**

Melacare cream should be applied once daily at night. It should be applied at least 30 minutes before bedtime. A thin film of the cream should be applied to the hyperpigmented areas of melasma including about 1⁄2 inch of normal appearing skin surrounding each lesion. Cream is for short-term (up to 8 weeks) treatment of moderate to severe melasma of the face. It is not for long-term (more than 8 weeks) or maintenance (continuous) treatment of melasma.

**Contraindications:**

Melacare cream is contraindicated in individuals with a history of hypersensitivity, allergy, or intolerance to this product or any of its components.

**Precautions:**

Melacare cream contains hydroquinone and tretinoin that may cause mild to moderate irritation such as skin reddening, peeling, mild burning sensation, dryness, and pruritus. Transient skin reddening or mild burning sensation does not preclude treatment. If a reaction suggests hypersensitivity or chemical irritation, the use of the medication should be discontinued. MelacareR cream also contains the corticosteroid fluocinolone acetonide. Systemic absorption of topical corticosteroids can produce reversible hypothalamic-pituitary-adrenal (HPA) axis suppression with the potential for glucocorticosteroid insufficiency after withdrawal of treatment. Manifestations of Cushing's syndrome, hyperglycemia, and glucosuria can also be produced by systemic absorption of topical corticosteroid while on treatment. If HPA axis suppression is noted, the use of Melacare cream should be discontinued.

**Side Effects:**

Melacare cream contains a corticosteroid medicine as one of its active components. The following side effects have been reported with application of corticosteroid medicines to the skin: itching, irritation, dryness, infection of the hair follicles, acne, change in skin color, inflammation around the mouth, allergic skin reaction, skin infection, skin thinning, stretch marks and sweating problems. The majority of these events were mild to moderate in severity.

**Drug Interaction:**

Patients should avoid medicated or abrasive soaps and cleansers, soaps and cosmetics with drying effects, products with high concentration of alcohol and astringent, and other irritants or keratolytic drugs while on Melacare cream treatment.

Use in Pregnancy & Lactation:

**Pregnancy:**

Pregnancy Category C. Melacare cream contains the tretinoin, which may cause embryo-fetal death, altered fetal growth, congenital malformations, and potential neurological deficits. There are no adequate and well-controlled studies in pregnant women. Melacare cream should be used during pregnancy only if the potential benefit justifies the potential risk to the fetus.

**Lactation:**

It is not known whether topical application of Melacare cream could result in sufficient systemic absorption to produce detectable quantities of fluocinolone acetonide, hydroquinone, or tretinoin in human milk. Because many drugs are secreted in human milk, caution should be exercised when Melacare cream is administered to a nursing woman.

**Pediatric Use:**

Safety and effectiveness of Melacare cream in pediatric patients have not been established.

**Storage:**

Store at temperature within 30° C, protected from light and moisture. Do not freeze. Keep out of reach of the children.

**Commercial Packaging:**

**Melacare cream 30gm:** Each carton contains a tube of 30 gm cream, an insert with usage guidelines. **Melacare cream 15 gm:** Each carton contains a tube of 15 gm cream, an insert with usage guidelines.

## Application procedure



Step-1: Gently wash your face with a mild cleanser. Don't use a washcloth to apply the cleanser, just use your fingers.




Step-2: Rinse and pat your skin dry.



Step-3: Put a small amount (pea sized or ½ inch or less) of Melacare cream on your fingertip. Apply a thin coat onto the discolored spot(s). Include about ½ inch of normal skin surrounding the affected area.



Step-4: Rub the medicine lightly and uniformly into your skin. The medicine should become invisible almost at once. If you can still see it, you are using too much.



Step-5: keep the medicine away from the corners of your nose, mouth, eyes and open wounds. Spread it away from those area when applying it.




Step-6: Do not cover the treated area with anything after applying Melacare cream.



Step-7: Just gentle wash your face with water in the next morning.



Step-8: Use a sunscreen of at least SPF 30 and a wide-brimmed hat or umbrella over the treated areas to protect from sun.



Step-9: You may also use a moisturizer and cosmetics during the day.

*Manufactured by*

***Chemist Laboratories Ltd.***

*College Row, Barishal, Bangladesh*